# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট
## শ্রেণি- প্রিপ্যারেটরি
## বিষয়- বাংলা (শব্দ গঠন)

### *নির্বাচিত অক্ষর – 'মা' (তিন অক্ষরের)*

*নমুনা প্রশ্নাবলিঃ-*

**ক)** মেদিনীপুরের কী বিখ্যাত যা এক ধরনের কাঠি দিয়ে বোনা হয় ?

**খ)** দুধ থেকে তৈরি একটি পুষ্টিকর খাদ্যের নাম বলো ?

**গ)** সকালে কী দিয়ে দাঁত মাজলে দাঁতের রোগ হয় না ?

**ঘ)** বাঘ সিংহ কী খেতে ভালোবাসে ?

**ঙ)** পৃথিবীতে সবচেয়ে বুদ্ধিমান প্রাণী কারা ?

মা =মাদুর , মাখন , মাজন , মাংস , মানুষ ।

***(শিশুদের সরাসরি শব্দ গঠন বলে না দিয়ে এইভাবে ছোটো ছোটো প্রশ্নের মাধ্যমে শিশুদের দিয়েই শব্দ বলিয়ে নিতে হবে। )***

*বাক্য রচনাঃ- (নমুনা)*

ক) মাদুর = মেদিনীপুরের মাদুর বিখ্যাত ।

মাদুর = মাদুর এক ধরনের কাঠি দিয়ে বোনা হয় ।

খ) মাখন = মাখন দুধ থেকে তৈরি হয় ।

মাখন = মাখন একটি পুষ্টিকর খাদ্য ।

গ) মাজন = রোজ সকালে মাজন দিয়ে দাঁত মাজা উচিৎ ।

SRAI

মাজন = রোজ মাজন দিয়ে দাঁত মাজলে দাঁতের রোগ হয় না ।

ঘ) মাংস = বাঘ সিংহ মাংস খেতে ভালোবাসে ।

মাংস = হাঁস, মুরগী ও ছাগলের থেকে মাংস পাওয়া যায় ।

ঙ) মানুষ = পৃথিবীতে সবচেয়ে বুদ্ধিমান প্রাণী মানুষ ।

মানুষ = পশ্চিমবঙ্গের বেশিরভাগ মানুষ বাংলা ভাষায় কথা বলেন ।

## *নির্বাচিত অক্ষর –'স' (তিন অক্ষরের )*

স = সবুজ , সজারু , সকাল , সবেদা , সময় ।

*বাক্য রচনাঃ- (নমুনা)*

ক) সবুজ = গাছের পাতার, শাকের রঙ সবুজ ।

সবুজ = নীল ও হলুদ রঙ মেশালে সবুজ রঙ পাওয়া যায় ।

খ) সজারু = সজারু এমন একটি প্রাণী যার চারটি পা আছে ।

সজারু = সজারুর গায়ে কাঁটা থাকে ।

গ) সকাল = সূর্যকে সকালে পূর্ব আকাশে দেখা যায় ।

সকাল = সকালে ঘুম থেকে ওঠা শরীরের পক্ষে ভালো ।

ঘ) সবেদা = সবেদা একটি ছোটো গোলাকার রস আছে এমন ফল ।

সবেদা = সবেদার অনেকগুলি দানা আছে ।

ঙ) সময় = ঘড়ি থেকে সময় জানা যায় ।

সময় = সঠিক সময়ে সঠিক কাজ করা উচিৎ ।

SPAI